



তারিখ: ২১.০৫.২০২৪ খ্রি.

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা সিলেট সরকারি কলেজে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে বিজ্ঞান/মানবিক/ব্যবসায় শিক্ষা গ্রুপে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, একাদশ শ্রেণিতে ভর্তির জন্য ২৬.০৫.২০২৪ খ্রি. তারিখ হতে ১১.০৬.২০২৪ খ্রি. তারিখের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের জন্য ওয়েবসাইট এর ঠিকানা: [www.xiclassadmission.gov.bd](http://www.xiclassadmission.gov.bd)

### ভর্তির যোগ্যতা ও গ্রুপ নির্বাচন:

- ২০২২, ২০২৩ ও ২০২৪ সালে দেশের যে কোনো শিক্ষা বোর্ড বা বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে এস.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য যোগ্য বিবেচিত হবে;
- বিজ্ঞান গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপের যে কোনো একটি;
- মানবিক গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপের যে কোনো একটি;
- ব্যবসায় শিক্ষা গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা ও মানবিক গ্রুপের যে কোনো একটি।

### সিলেট সরকারি কলেজে আবেদনের যোগ্যতা:

- বিজ্ঞান গ্রুপের জন্য এস.এস.সি বা সমমানের পরীক্ষায় ন্যূনতম জি.পি.এ ৪.৩০।
- মানবিক/ব্যবসায় শিক্ষা গ্রুপের জন্য এস.এস.সি বা সমমানের পরীক্ষায় ন্যূনতম জি.পি.এ ৩.৩০।

### শিক্ষার্থীর করণীয়:

- ভর্তি সংক্রান্ত সকল কার্যক্রমের সময়সূচি, ভর্তি নির্দেশিকা, আবেদনের নিয়মাবলী এবং ফলাফলের জন্য নির্ধারিত ওয়েবসাইট: [www.xiclassadmission.gov.bd](http://www.xiclassadmission.gov.bd) এবং শিক্ষাবোর্ডের ওয়েবসাইট থেকেও জানা যাবে।
- অনলাইনে আবেদনের ক্ষেত্রে ১৫০/- (একশত পঞ্চাশ টাকা মাত্র) আবেদন ফি জমা সাপেক্ষে সর্বনিম্ন ৫ (পাঁচ) টি এবং সর্বোচ্চ ১০(দশ) টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের জন্য পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে।
- অনলাইনে আবেদনের জন্য বিকাশ/নগদ/রকেট/সোনালী ব্যাংক/উপায়/ট্যাপ/ওকে ওয়ালেট এর মাধ্যমে ১৫০/- টাকা প্রদান করতে হবে।
- প্রথমবার আবেদনের সময় শিক্ষার্থীকে নিজের/অভিভাবকের একটি মোবাইল নম্বর দিতে হবে, যেটি শিক্ষার্থীর Contact Number হিসেবে বিবেচিত হবে। পরবর্তীতে শিক্ষার্থীর সকল যোগাযোগ কিংবা আবেদন সংশোধনের জন্য এই Contact Number টির প্রয়োজন হবে।
- শিক্ষা কোটা (সংযুক্ত তালিকা অনুযায়ী) (EQ) এবং মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের জন্য কোটায় (FQ) আবেদনের ক্ষেত্রে প্রমাণাদি দাখিল করতে হবে।

(প্রফেসর এ জেড এম মাসনুল হোসেন)

আইডি নম্বর-৩০৪৮

অধ্যক্ষ

সিলেট সরকারি কলেজ, সিলেট

## তফসিল-“ঘ”

উপনীতি ১.৫ এ উল্লিখিত শিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ “দপ্তর/সংস্থা” বলতে নিম্নোক্ত দপ্তর/সংস্থাকে বুঝাবে:

ক্রমিক	দপ্তর/অফিস/সংস্থার নাম
০১	বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
০২	বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল
০৩	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
০৪	বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
০৫	বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস )
০৬	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
০৭	জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি)
০৮	জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
০৯	শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
১০	পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর
১১	আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট
১২	বাংলাদেশ জাতীয় ইউনেস্কো কমিশন (বিএনসিইউ)
১৩	মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা
১৪	মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা
১৫	মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম
১৬	মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
১৭	মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
১৮	মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট
১৯	মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল
২০	মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর
২১	মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ
২২	বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড
২৩	বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক- কর্মচারী কল্যাণ ট্রাস্ট
২৪	বাংলাদেশ কারিগরি শিক্ষা অধিদপ্তর
২৫	বাংলাদেশ মাদরাসা শিক্ষা অধিদপ্তর
২৬	বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
২৭	বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড
২৮	জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমি (নেকটার)

৩৬